

জাতীয় গ্রন্থকেন্দ্র

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৫/সি, বঙ্গবন্ধু এডিনিউ, ঢাকা-১০০০

পিএবিএক্স (অটো) : ৯৫৫৫৭৪৩; ৯৫৬৬৩২৬, ফ্যাক্স : ৯৫৭২২১১

E-mail: granthakendro.org@gmail.com web: www.nbc.org.bd

নং-৪৩.২৭.০০০০.১০৬.৯৯.০০৫.২০/১৭৯৫(১)

তারিখ: ১১/০৮/২০২১

নোটিশ

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে ২০২০-২০২১ অর্থবছরে অনুদানপ্রাপ্ত বেসরকারি গ্রন্থাগারসমূহের অনুকূলে মঞ্জুরির ৫০% টাকা জাতীয় গ্রন্থকেন্দ্র হতে ইতোমধ্যে ব্যাংক-চ্যানেলের এর মাধ্যমে ইতোমধ্যে সংশ্লিষ্ট গ্রন্থাগারের একাউন্টে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ৫০% টাকার সমমূল্যের বই নিম্নবর্ণিত শর্ত অনুসরণপূর্বক জাতীয় গ্রন্থকেন্দ্র থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো:


শর্তাবলি :

১. করোনাজনিত স্বাস্থ্যঝুঁকি বিবেচনায় রেখে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী বই সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে-

বিভাগ	বই সংগ্রহের সময়সূচি
ঢাকা ও ময়মনসিংহ	০১-০৯-২০২১ থেকে ২০-০৯-২০২১ তারিখ পর্যন্ত
খুলনা ও বরিশাল	২১-০৯-২০২১ থেকে ১০-১০-২০২১ তারিখ পর্যন্ত
রাজশাহী ও রংপুর	১১-১০-২০২১ থেকে ৩১-১০-২০২১ তারিখ পর্যন্ত
চট্টগ্রাম ও সিলেট	০১-১১-২০২১ থেকে ২১-১১-২০২১ তারিখ পর্যন্ত

২. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রেরিত জিও-এর অনুলিপি আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে;
৩. বরাদ্দকৃত অর্থের ২০% টাকায় মুক্তিযুদ্ধ, ইতিহাস-ঐতিহ্য এবং শিশুতোষ বই অবশ্যই সংগ্রহ করতে হবে;
৪. গ্রন্থাগারের পক্ষে যিনি বই সংগ্রহ করবেন তার 'নমুনা-স্বাক্ষর ও ছবি' গ্রন্থাগারের সভাপতি/সাধারণ সম্পাদক কর্তৃক প্রত্যয়নকৃত হতে হবে;
৫. গ্রন্থাগারের পক্ষে যিনি বই গ্রহণ করবেন তার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে;
৬. জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক ব্যাংকিং চ্যানেলে প্রেরিত অর্থপ্রাপ্তির বিবরণ-সংবলিত সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যায়িত সর্বশেষ ব্যাংক স্টেটমেন্ট সঙ্গে আনতে হবে;
৭. অনুমোদিত তালিকার বই জাতীয় গ্রন্থকেন্দ্রে রাখা আছে, সেখান থেকে গ্রন্থাগারের জন্য প্রয়োজনীয় বই বাছাই করে নেয়ার সুযোগ রয়েছে;
৮. নির্ধারিত যাতায়াত ভাতা প্রাপ্তির জন্য গ্রন্থাগারের প্যাডে পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র বরাবর আবেদন করতে হবে;
৯. বই সংগ্রহ/গ্রহণের জন্য প্রয়োজনীয় বস্তা/কার্টুন ও সুতলি/রশি সঙ্গে আনতে হবে;
১০. কাগজপত্র অসম্পূর্ণ থাকলে বই প্রদান করা হবে না।

বিশেষ দৃষ্টব্য: করোনাজনিত ঝুঁকি এড়ানোর জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক বই সরবরাহ নেয়ার কাজটি নিশ্চিত করতে হবে।


(মিনার মনসুর)
পরিচালক

প্রাপক

২০২০-২০২১ অর্থবছরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
থেকে অনুদানপ্রাপ্ত সকল বেসরকারি গ্রন্থাগার